ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৮২
বিলোনীয়া, ২৩ জুলাই, ২০২৫

**ভারতচন্দ্র নগর ব্লক কার্যালয়ে ৪ কেভিএ সোলার প্ল্যান্ট**

পঞ্চদশ অর্থ কমিশনের আন টাইড ফান্ডের অর্থে গত অর্থবছরে ভারত চন্দ্রনগর ব্লক এলাকায় বিভিন্ন পরিকাঠামোমূলক কাজ করা হয়েছে। ব্লক কার্যালয়ে ৪ কে ভি এ সোলার প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। ব্যয় হয়েছে ১২ লক্ষ ৯২ হাজার টাকা। ইষ্ট কলাবাড়িয়া পঞ্চায়েতের অন্তর্গত ইস্ট কলাবাড়িয়া এইচ এস স্কুলের পাশে যাত্রী শেড নির্মাণ করা হয়েছে। ব্যয় হয়েছে ২ লক্ষ ৯৮ হাজার ৯৮০ টাকা। ভারতচন্দ্রনগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****